গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপন প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৪র্থ সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২৮ ডিসেম্বর, ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট- ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সহ সার্বিক বিষয় পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন এ পর্যায়ে প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির প্রারম্ভিক মেয়াদকাল ছিল জুলাই,২০১৯ হতে জুন, ২০২১ ও প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ৪৭১২.৫৭ লক্ষ টাকা। পরবর্তিতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটির মূল কার্যক্রম ৬৫৬টি আরএমজি কারখানা, ২৯৮টি প্লাস্টিক কারখানা এবং ১৪৭টি কেমিক্যাল কারখানাসহ মোট ১১০১ টি কারখানার অ্যাসেসমেন্ট সম্পন্ন করা। তিনি সভার আলোচ্যসূচির ক্রম অনুযায়ী বিষয়বস্তু সভায় উপস্থাপন করেন।

**০২। গত পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পটির সর্বশেষ পিএসসি সভা ২০ সেপ্টেম্বর,২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। তিনি গত ৩য় পিএসসি সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয়। তিনি গত পিএসসি এবং পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন সহ সার্বিক অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

**০৩। (ক) প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যালোচনা :**

প্রকল্প পরিচালক জানান যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপন প্রকল্পের মূল কার্যক্রম হিসেবে গাজীপুর, ঢাকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রাম জেলায় ৬৫৬ টি আরএমজি কারখানা ও সমগ্র বাংলাদেশে ২৯৮টি প্লাস্টিক কারখানা এবং ১৪৭টি কেমিক্যাল কারখানাসহ মোট ১১০১টি কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপন সম্পন্ন করার কথা। ২৪ ডিসেম্বর ২০২১ পর্যন্ত অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহযোগিতায় পরামর্শক প্রতিষ্ঠান এর মাধ্যমে ১১০১ (১০০%)টি কারখানার প্রাথমিক তথ্য সংগ্রহের নিমিত্তে প্রি- অ্যাসেসমেন্ট সম্পন্ন করা হয়েছে এবং ৬৪৩ (৫৮%) টি কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপন করা হয়েছে ও কমবেশি ৫০ টি কারখানার ঝুঁকি নিরুপন জানুয়ারি ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে; অবশিষ্ট কমবেশি ৪০৮ (৩৭%) টি কারখানা কোভিড-১৯ মহামারি এর ভায়াবহ প্রভাব ও অন্যান্য আর্থিক কারণে বন্ধ/আসেসেড হয়ে গেছে অর্থাৎ আগামী জানুয়ারি ২০২২ এর মধ্যে প্রকল্পের বাস্তব কার্যক্রম ১০০ % সম্পন্ন হবে।

প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, উল্লেখযোগ্য সংখ্যাক কারখানা বন্ধ/আসেসড হয়ে যাওয়ায় প্রকল্প ব্যয় ৪৭ কোটি টাকা হলেও প্রকল্পটি শেষ করতে কমবেশি ২৭.৫ (৫৮%) কোটি টাকা প্রয়োজন হবে যার মধ্যে ডিসেম্বর ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ব্যয় হয়েছে ২০.৩৫ কোটি টাকা । প্রকল্পটির কার্যক্রম শেষ করতে ৪র্থ কিস্তির প্রয়োজনীয় পরিমান অর্থ আগাম ছাড়ের বিশেষ প্রয়োজন। ৪র্থ কিস্তির অর্থ অগ্রিম পাওয়া গেলে অবশিস্ট বিলসমূহ পরিশোধ করা সাপেক্ষে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক। প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্নের লক্ষ্যে ৪র্থ কিস্তির অর্থ অগ্রিম ছাড়করণের ব্যবস্থা গ্রহণ করা যায়। অর্থ বিভাগের প্রতিনিধি জানান, প্রকল্পের ৩য় কিস্তির অর্থ ছাড়করণ ও ব্যয় সাপেক্ষে ৪র্থ কিস্তির অর্থ

অগ্রিম ছাড়করণের আবেদন করা যেতে পারে।

**(খ) প্রকল্প সমাপ্তকরণ:**

প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির আর্থিক অগ্রগতি কমবেশি ৬০% অর্জিত হলেও প্রকল্পটির বাস্তব কার্যক্রম অসম্পন্ন নয় অর্থাৎ ১০০ % কারখানার প্রি-আসেস মেন্ট সম্পন্ন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, প্রকল্পটির মুখ্য উদ্দেশ্য হল কারখানাসমুহের কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপন করা। কমবেশি ৪০০ টি কারখানা কোভিড-১৯ মহামারি এর ভয়াবহ প্রভাব ও অন্যান্য আর্থিক কারণে বন্ধ হয়ে যাওয়ার অর্থ হল এসমস্ত কারখানার ঝুঁকি ০০ %। আইএলও কর্তৃক বাস্তবায়িত একই ধরনের প্রকল্পের পূর্ব অভিজ্ঞতা থেকে পরামর্শক প্রতিষ্ঠানের সহিত চুক্তি অনুযায়ী এই সমস্ত কারখানার (বন্ধ/আসেসড) প্রি-আসেসমেন্ট এর জন্য কোন বিল প্রদান করা হয়নি। শুধুমাত্র খোলা কারখানাসমুহের ঝুঁকি নিরূপণের জন্য বিল প্রদান করা হয়েছে। নানাবিধ কারনে এই সমস্থ কারখানা হঠাৎ করেই বন্ধ হয়ে যেতে পারে, যা বাস্তবতা। তিনি উল্লেখ করেন যে, "সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতির" অনুচ্ছেদ ২.১ এবং ১৬.১৮ এর আলোকে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। আইএমইডি প্রকল্পটি ভবিষ্যতে আর কোন সংশোধন না করার শর্তে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর বৃদ্ধি করার সুপারিশ করেছিল এবং প্রসাশনিক মন্ত্রণালয় প্রকল্পটির মেয়াদ ০১ বছর অর্থাৎ জুন ২০২২ পযর্ন্ত বৃদ্ধি করে জি,ও জারি করে।

মহাপরিদর্শক, ডাইফ বলেন , প্রকল্পের আওতায় কারখানা বন্ধ/আসেসড এর বাস্তবতা ইতঃপূর্বে আলোচনা হয়েছে। তিনি সভায় প্রস্তাব করেন যে, "সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতির" অনুচ্ছেদ ২.১ এবং ১৬.১৮ এর আলোকে প্রকল্পটি পুনরায় সংশোধন না করে সমাপ্ত করা যেতে পারে। প্রতিনিধি আইএমইডি সভায় জানান যে, উপযুক্ত ব্যাখ্যা প্রদান সাপেক্ষে যৌক্তিকতা তুলে ধরে প্রকল্পটি সমাপ্ত করণের পদক্ষেপ গ্রহণ করা যায়।

০৪। **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) **৩য় কিস্তির অর্থ ছাড় ও ব্যয় বিবেচনায়** ৪র্থ কিস্তির অর্থ আগাম ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ) প্রকল্পটির পিসিআর প্রস্তুতির অগ্রগতি আগামী পিএসসি সভায় উপস্থাপন করতে হবে;

(গ) প্রকল্পটির অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

(ঘ) প্রকল্পটি সংশোধন ব্যতিরেকে উপযুক্ত ব্যাখ্যা প্রদান সাপেক্ষে নির্ধারিত সময়ের পূর্বে সমাপ্তির কার্যক্রম গ্রহণ করতে হবে

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

০৫। সভাপতি মহোদয় প্রকল্পের অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন এবং গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০১০.২১.১

তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৫) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

৭) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর

৯) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১০) উপ সচিব, বাজেট-১৩ শাখা, অর্থ বিভাগ

১১) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১২) প্রকল্প পরিচালক, নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি সংক্রান্ত প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১৩) নির্বাহী স্থপতি , বিভাগ-৬, স্থাপত্য অধিদপ্তর

১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব